# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৬৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফরয সালাতসমূহের যত্নবান না হওয়ার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ تَرْكِ الْمَرْءِ الْمُحَافَظَةَ عَلَى الصلوات المفروضات

আরবী

1465 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حدثنا سلمة بن شبيب قال: حدثنا المقرىء قَالَ: حَدَّثَنِي سَعِيدُ بْنُ أَبِي أَيُّوبَ قَالَ: حَدَّثَنِي كَعْبُ بْنُ عَلْقَمَةَ عَنْ عِيسَى بْنِ هِلَالٍ الصَّدَفِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى الله عليه وسلم أَنَّهُ ذَكَرَ الصَّلَاةَ يَوْمًا فَقَالَ: (مَنْ حَافَظَ عَلَيْهَا كَانَتْ لَهُ نُورًا وَبُرْهَانًا وَنَجَاةً يَوْمَ الْقِيَامَةِ وَمَنْ لَمْ يُحَافِظْ عَلَيْهَا لَمْ يَكُنْ لَهُ بُرْهَانٌ وَلَا نُورٌ وَلَا نَجَاةٌ وَكَانَ يَوْمَ الْقِيَامَةِ مَعَ قَارُونَ وَهَامَانَ وَفِرْعَوْنَ وَأُبَيِّ بن خلف)
الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1465 | خلاصة حكم المحدث. ضعيف - ((التعليق الرغيب)) (1/ 191).

বাংলা

১৪৬৫. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন সালাতের ব্যাপারে আলোচনা প্রসঙ্গে বলেন, “যে ব্যক্তি এই (সালাতের) ব্যাপারে যত্নবান হবে, তা তার জন্য পরকালে নূর, দলীল ও নাজাতের উসীলা হবে, আর যে ব্যক্তি এসবের ব্যাপারে যত্নবান না হবে, তার জন্য কিয়ামতের দিন কোন দলীল, নূর ও নাজাত হবে না এবং কিয়ামতের দিন সে কারূন, ফিরআউন, ও উবাই বিন খালফের সাথে থাকবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৬৯; দারেমী: ২/৩০১; তাহাবী, মুশকিলুল আসার: ৪/২২৯; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১/১৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১৯১।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন আমের

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90780

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন